

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৯১

७. সদাচারণ ও न्যाय़निष्ठं সংশ्लिष्ठं किञाव (کِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো অন্তর হেফাযত করা এবং গোপন কাজের ব্যাপারে যত্নশীল হওয়া কেননা গোপন কাজ আল্লাহর নিকটে গোপন নয়

ذِكْنُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ حِفْظِ الْقَلْبِ وَالتَّعَاهُدِ لِأَعْمَالِ السِّرِّ إِذِ الْأَسْرَالُ عِنْدَ اللَّهِ غَيْرُ مَكْتُومَةِ

## আরবী

أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّد بْنِ أَبِي مَعْشَرٍ بِخَبَرٍ غَرِيبِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ وَهْبِ بْنِ أَبِي كَرِيمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي عَبْدِ الرَّحِيمِ عَنْ زَيْدِ بْنِ أَبِي أُنَيْسَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي الضَّحَى عَنْ مَسْرُوقٍ عَنِ ابْنِ مَسْعُودِ قَالَ: كُنْتُ مُسْتَتِرًا بِحِجَابِ الْأَعْمَشِ عَنْ أَبِي الضَّحَى عَنْ مَسْرُوقٍ عَنِ ابْنِ مَسْعُودِ قَالَ: كُنْتُ مُسْتَتِرًا بِحِجَابِ الْكَعْبَةِ وَفِي الْمَسْجِدِ رَجُلٌ مِنْ تَقِيفٍ وَخَتَنَاهُ قُرَشِيَّانِ فَقَالُوا: تَرَوْنَ أَنَّ اللَّهَ يَسْمَعُ إِذَا رَفَعْنَا كَدِيثَنَا؟ فَقَالَ أَحَدُهُمَا: إِنَّهُ يَسْمَعُ إِذَا رَفَعْنَا فَقَالَ رَجُلٌ: لَئِنْ كَانَ يَسْمَعُ إِذَا رَفَعْنَا لَيَسْمَعَنَّ إِذَا أَخْفَيْنَا وَقَالَ الْآخَرُ: مَا أَرَى إِلَّا أَنَّ اللَّهَ يَسْمَعُ حَدِيثَنَا قَالَ ابْنُ مَسْعُودِ: لَيَسْمَعَنَّ إِذَا أَخْفَيْنَا وَقَالَ الْآخَرُ: مَا أَرَى إِلَّا أَنَّ اللَّهَ يَسْمَعُ حَدِيثَنَا قَالَ ابْنُ مَسْعُودِ: لَيَسْمَعُ مَدِيثَنَا قَالَ الْبُنُ مَسْعُودِ: وَمَا كُنْتُمْ تَسْتَتِرُونَ لَيَسْمَعُ الله عليه وسلم فَأَخْبَرْتُهُ بِقَوْلِهِمْ فَأَنْزَلَ اللَّهُ: {وَمَا كُنْتُمْ تَسْتَتِرُونَ لَاللهِ عليه وسلم فَأَخْبَرْتُهُ بِقَوْلِهِمْ فَأَنْزَلَ اللَّهُ: {وَمَا كُنْتُمْ تَسْتَتَرُونَ لَل الله الله عليه وسلم فَأَخْبَرْتُهُ بِقَوْلِهِمْ فَأَنْزَلَ اللَّهُ: {وَمَا كُنْتُمْ تَسْتَتَرُونَ لَالله وَيَا الله عليه وسلم فَأَخْبَرْتُهُ بِقَوْلِهِمْ فَأَنْزَلَ اللّهُ: {وَمَا كُنْتُمْ تَسْتَتَرُونَ لَالله وَيَا الله عليه وسلم فَأَخْبَرْتُهُ بِقَوْلِهِمْ فَأَنْزَلَ اللّهُ: {وَمَا كُنْتُمْ تَسْتَتَرُونَ لَالله وَيَا الله وَلَا المُعَدِنَ العَلامة ناصِر الدين الألباني الله المصدر : التعليقات المسان على صحيح ابن حبان

## বাংলা

৩৯১. আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার আমি কা'বার ঘরের পর্দার আড়ালে ছিলাম। এসময় মসজিদে সাকীফ গোত্রের এক ব্যক্তি ছিল আর দুইজন তার শ্যালক, যারা কুরাইশ বংশের ছিল। তারা বললো: "তোমরা কি মনে করো যে, আল্লাহ আমাদের কথা শুনছেন?" তখন তাদের একজন বললো: "যখন আমরা উচ্চ আওয়াযে কথা বলি তখন শুনেন।" আরেক ব্যক্তি বললো: "উচ্চ আওয়াজে বললে যদি শুনেন, তাহলে অবশ্যই আস্তে বললেও শুনেন।" অপর আরেকজন বললো: "আমি এটাই মনে করি যে, আল্লাহ



আমাদের সব কথা শুনেন।" আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "অতঃপর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে ব্যাপারটি বললাম। তখন মহান আল্লাহ নিম্নোক্ত আয়াত অবতীর্ণ করেন: "আর তোমরা কিছুই গোপন করতে না এ বিশ্বাসে যে, তোমাদের কান, চোখ ও ত্বক তোমাদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে না…।" আয়াতের শেষ পর্যন্ত। (সূরা ফুসসিলাত: ২২)[1]

## ফুটনোট

[1] হুমাইদী: ৮৭; সহীহ আল বুখারী: ৪৮১৭, ৭৫২১; বাইহাকী, আল আসমা ওয়াস সিফাত: ১৭৭; মুসনাদ আহমাদ: ৪৪৪; সহীহ মুসলিম: ২৭৭৫; তিরমিযী: ৩২৪৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান আত তিরমিয়ী: ৩২৪৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন